**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 23.09.2024 Time: 7.35A.M**

বিশেষ বিশেষ খবর –

১/ বন্যা পরিস্থিতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ পূর্ব বর্ধমানে যাচ্ছেন। আগামীকাল তাঁর বীরভূমে প্রশাসনিক সভা করার কথা।

# এদিকে, জামিন পেয়ে আজই বীরভূমে ফিরতে পারেন অনুব্রত মন্ডল।

২/ DVC-র জল ছাড়া নিয়ে প্রধানমন্ত্রীকে ফের চিঠি দিয়েছেন মুখ্যমন্ত্রী।

# অন্যদিকে, রাজ্যের দুই প্রতিনিধি DVC থেকে পদত্যাগ করেছেন।

৩/ CBI তদন্তের মধ্যেই RG Kar কান্ডে ময়না তদন্তকারী চিকিৎসকের বক্তব্যে নতুন করে বিতর্ক তৈরী হয়েছে।

৪/ টালিগঞ্জ স্টুডিও পাড়ায় হুমকির জেরে এক হেয়ার স্টাইলিস্টের কেশসজ্জা শিল্পীর আত্মহত্যার চেষ্টার অভিযোগকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে।

৫/ ISL-এর ম্যাচে কেরালা ব্লাস্টার্স, দুই এক গোলে হারিয়েছে ইস্টবেঙ্গলকে।

*********************************************************************

বন্যা পরিস্থিতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ পূর্ব বর্ধমানে যাচ্ছেন। জেলাশাসকের কার্যালয়ে বন্যায় ক্ষয়ক্ষতি নিয়ে আলোচনা করবেন তিনি।
নবান্ন সূত্রে খবর, দুর্গাপুর সার্কিট হাউসে মুখ্যমন্ত্রী রাত্রিবাস করবেন।
আগামীকাল বীরভূমের বোলপুরে তাঁর প্রশাসনিক সভা করার কথা তাঁর অংশ নেওয়ার কথা। কালকেই কলকাতা ফিরবেন তিনি।
এদিকে গরু পাচার মামলায় প্রায় দু বছর দিল্লির তিহাড় জেলে বন্দি তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মণ্ডল জামিন পাওয়ার পরে আজ বীরভূমে ফিরতে পারেন। এইসময় মুখ্যমন্ত্রীর বীরভূম সফর তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

*****************

রাজ্যে বন্যা পরিস্থিতির কারণ নিয়ে কেন্দ্র–রাজ্য চাপান-উতোর তুঙ্গে। রাজ্যকে জানিয়েই DVC জল ছেড়েছে বলে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক ও জল কমিশনের দাবি খারিজ করে দিয়ে প্রধানমন্ত্রীকে ফের চিঠি দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। রাজ্যের ১১-টি জেলায় বন্যা পরিস্থিতির জন্য DVC-র বিভিন্ন জলাধার থেকে মাত্রাতিরিক্ত জল ছাড়া নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করে বিশে সেপ্টেম্বর প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। তার জবাবে জলশক্তি মন্ত্রী সি আর পাটিল লেখেন, রাজ্যের সম্মতি নিয়েই ডিভিসি জল ছাড়ে মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে। এই বক্তব্যের সঙ্গে তিনি সহমত নন বলে জানিয়ে মুখ্যমন্ত্রী লিখেছেন, সমস্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত জলশক্তি মন্ত্রক এবং কেন্দ্রীয় জল কমিশন এককভাবে নিয়ে থাকে। এবার মাত্র সাড়ে ৩ ঘণ্টার নোটিশে ডিভিসি সর্বোচ্চ পরিমাণে জল ছেড়েছে ৯ ঘণ্টা ধরে। প্রতিবাদে রাজ্য সরকার দামোদর ভ্যালি জলাধার নিয়ন্ত্রণ কমিটি থেকে প্রতিনিধিত্ব অবিলম্বে প্রত্যাহার করে নিচ্ছে বলেও চিঠিতে জানিয়ে দেন মুখ্যমন্ত্রী।

এর প্রেক্ষিতে রাজ্যের বিদ্যুৎ সচিব শান্তনু বসু DVC পর্ষদ থেকে এবং সেচ ও জলপথ দফতরের চিফ ইঞ্জিনিয়ার দামোদর ভ্যালি জলাধার নিয়ন্ত্রণ কমিটি–DVCRRC থেকে পদত্যাগ করেছেন।

*****************

CBI তদন্তের মধ্যেই RG Kar মেডিক্যাল কলেজ হাসপাতালের ফরেন্সিক মেডিসিন বিভাগের অধ্যাপক অপূর্ব বিশ্বাসের বক্তব্যে, চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের

ভয়ঙ্কর ঘটনা ধামাচাপা দেবার চেষ্টা নিয়ে সন্দেহ আরো জোরালো হয়ে উঠেছে। দেহের ময়নাতদন্তকারী দলের নেতৃত্বে ছিলেন তিনি।

CGO কমপ্লেক্সে CBI-এর দ্বিতীয়দিনের জিজ্ঞাসাবাদ শেষে গতরাতে বেরিয়ে আসার সময় সাংবাদিকদের ডাক্তার বিশ্বাস জানান, দ্রুত ময়নাতদন্ত শেষ করার জন্য চাপ দেওয়া হয়েছিল তাঁকে। বলা হয়েছিল সেদিনই পোস্ট মর্টেম না হলে 'রক্তগঙ্গা বইবে'।

( বাইট- অপূর্ব বিশ্বাস )

গতকাল প্রায় সাড়ে ৬'ঘন্টা তাঁকে জিজ্ঞাসাবাদ করে সি বি আই।

এদিকে, ৯'ই আগস্ট সকালে PGT চিকিৎসকের দেহ যে সেমিনার হলে উদ্ধার হয়, সেখানে ভিড় করে থাকা লোকেদের মধ্যে প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের ঘনিষ্ঠ PGT অভীক দে, ডাক্তার বিরূপাক্ষ বিশ্বাস ও জুনিয়ার ডাক্তার সৌরভ পাল ছিলেন বলে অভিযোগ। গতকাল ফের তিনজনকে CGO কমপ্লেক্সে দীর্ঘক্ষণ জেরা করেন তদন্তকারীরা। একইসঙ্গে টালা থানার এস আই চিন্ময় বিশ্বাস এবং ফরেন্সিক টিমের তিনজনকেও জেরা করা হয়। প্রায় সাড়ে ৯'ঘন্টা জেরার পর রাতে সাংবাদিকদের এড়ানোর জন্য একরকম ছুটেই গাড়িতে ওঠেন অভীক। ঢোকার সময়ও পেছনের দরজা দিয়ে তাকে নিয়ে যাওয়া হয়। সৌরভ পালের জিজ্ঞাসাবাদ পর্ব'ও চলে রাত পর্যন্ত।

অন্যদিকে, রাজ্য মেডিক্যাল কাউন্সিলের প্রধান, RG Kar-এর রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান ডাক্তার সুদীপ্ত রায়ের সিঁথির বাড়ি ও নার্সিংহোমে গতকাল ফের তল্লাশি চালিয়েছে CBI-এর দল। প্রায় সাড়ে ৩'ঘন্টা পর রাত ১১'টা নাগাদ বেরিয়ে যান তদন্তকারীরা।

******************

RG Kar কান্ডে 'ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন' IMA-র কলকাতা শাখার ভূমিকায় ক্ষুব্ধ হয়ে ডাক্তার কৌশিক বিশ্বাস, এর সহ সভাপতি পদে ইস্তফা দিয়েছেন। তবে, সদস্য হিসেবে থাকছেন তিনি। IMA-র রাজ্য শাখার আসন্ন নির্বাচনে প্রার্থী হওয়ার কোনো ইচ্ছা তাঁর নেই বলেও ডাক্তার বিশ্বাস জানিয়েছেন।

এদিকে, গতকাল কলকাতায় এই নির্বাচনের প্রস্তুতি বৈঠক শুরু হতে না হতেই, তিন চিকিৎসক বিক্ষোভের মুখে পড়েন। তাপস চক্রবর্তী, জয়া মজুমদার ও প্রিয়াঙ্কা রানা

নামে এই তিনজনের বিরুদ্ধে ওঠে গো-ব্যাক শ্লোগান। তিন চিকিৎসকই বহু চর্চিত উত্তরবঙ্গ লবির ঘনিষ্ঠ বলে অভিযোগ। আর জি কর সহ বিভিন্ন মেডিকেল কলেজে হুমকি চক্রে এই উত্তরবঙ্গ লবির কথা বারবারই শোনা গেছে। ৯-ই আগস্ট আর জি কর-এ তরুণী চিকিৎসক পড়ুয়ার মৃতদেহ উদ্ধার হওয়ার পর তাপস চক্রবর্তী ঘটনাস্থলে গিয়েছিলেন। এই নিয়ে বিতর্কের মধ্যেই সম্প্রতি আই এম এ-র মালদা শাখার সভাপতির পদ থেকে তাকে সরিয়ে দেওয়া হয়। যদিও সব অভিযোগ অস্বীকার করেছেন তিনি।

*******************

আর জি কর কান্ডে ন্যায় বিচার চেয়ে গতসন্ধ্যায় নদীয়ার রানাঘাট শহরে ভারতী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রাক্তনীদের উদ্যোগে প্রতিবাদ মিছিল বের করা হয়। শহরের বিশিষ্ট জনেরাও মিছিলে অংশগ্রহণ করেন।

হাওড়ায় ন্যায় বিচারের দাবীতে পাওয়ার হাউস, শংকর মঠ, মন্দিরতলা ও বেতর মোড় থেকে মিছিল যায় ডুমুরজলা পর্যন্ত। হাওড়ার ২৮ টি স্কুলের প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রীদের পাশাপাশি বহু সাধারণ মানুষ মিছিলে পা মেলান।

*******************

স্বাস্থ্য ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি এবং হুমকির সংস্কৃতি নিয়ে তোলপাড়ের মধ্যেই টালিগঞ্জ স্টুডিও পাড়ায় হুমকির জেরে এক কেশ সজ্জা শিল্পীর আত্মহত্যার চেষ্টার অভিযোগকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। অভিযোগ, ওই হেয়ার স্টাইলিস্টের ইচ্ছে মতো কাজ করার স্বাধীনতা ছিল না। খবর পেয়ে হাসপাতালে ছুটে যান পরিচালক সুদেষ্ণা রায়, সৃজিত মুখোপাধ্যায়, অভিনেত্রী সুদীপ্তা চক্রবর্তী প্রমুখ। হাসপাতাল থেকে ছাড়া পেলেও ওই মহিলার মানসিক স্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন চিকিৎসকরা। আকাশবাণীকে সুদেষ্ণা বলেছেন, যেভাবে ওই হেয়ার স্টাইলিস্টকে হেনস্থা করা হচ্ছে, তা কখনোই মেনে নেওয়া যায় না।

(বাইট – সুদেষ্ণা রায় )

বিজেপি, এই ঘটনায় জড়িতদের শাস্তির দাবি জানিয়েছে। দলের সাংস্কৃতিক সেলের আহ্বায়ক রুদ্রনীল ঘোষ গতকাল কলকাতায় সাংবাদিকদের কাছে অভিযোগ করেন,

টলিউডে এক স্বৈরতান্ত্রিক পরিবেশ তৈরি হয়েছে। মুখ্যমন্ত্রী স্নেহধন্য কিছু মানুষের জন্য যোগ্য শিল্পী ও কলাকুশলীরা কাজ পান না। প্রতিবাদ করলে অন্যায়ভাবে তাদের সাসপেন্ড করা হয়।

অন্যদিকে, ফেডারেশন অফ সিনে টেকনিশিয়ানস এন্ড ওয়ার্কার্স অফ ইস্টার্ন ইন্ডিয়ার সভাপতি স্বরূপ বিশ্বাস আকাশবাণীকে জানান, হেয়ার ড্রেসার গিল্ডের কাছে তিনি খোঁজ নিয়ে জেনেছেন আত্মহত্যা করতে যাওয়া ওই কর্মীকে কেউ কাজে যোগ দিতে বাধা দেয় নি।

******************

আকাশবাণী ভবনের অদূরে গতরাতে গাড়ির ধাক্কায় এক পথচারী গুরুতর জখম হন। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে SSKM হাসপাতালে ভর্তি করা হয়েছে।
পুলিশ সূত্রে জানা গেছে, রাস্তা পার হবার সময় দুরন্ত গতিতে আসা গাড়িটি তাঁকে ধাক্কা মেরে পালিয়ে যায়। আহত পথচারীর বয়স ৩০ থেকে ৩৫-এর মধ্যে। তিনি পূর্ব মেদিনীপুরের বাসিন্দা বলে জানা গেছে। গাড়িটির খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ।

******************

মা ফ্লাইওভারে ফের চীনা মাঞ্জা সুতোয় গুরুতর জখম হলেন এক বাইক আরোহী। শাহানাওয়াজ আলি নামে বিধাননগর পুলিশের ওই ASI বাইক থেকে ছিটকে পড়েন। রক্তাক্ত অবস্থায় তাঁকে চিত্তরঞ্জন হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এর আগেও বারবার মা ফ্লাইওভারে নিষিদ্ধ চীনা মাঞ্জা সুতোয় দুর্ঘটনার কবলে পড়েছেন একাধিক ব্যক্তি।

******************

পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানে বিক্ষোভকারীদের ছোড়া ইটে চোখে মারাত্মক আঘাত পাওয়া ট্রাফিক সার্জেন্ট দেবাশীষ চক্রবর্তীকে দেখতে গতকাল হাওড়ার বাউড়িয়ায় তাঁর বাড়িতে যান কলকাতা পুলিশের নতুন কমিশনার মনোজ ভার্মা। সঙ্গে ছিলেন হাওড়া গ্রামীণের পুলিশ সুপার স্বাতী ভাঙালিয়া। বেরিয়ে আসার পর মনোজ ভার্মা জানান, দেবাশিস এখন অনেকটাই সুস্থ।

( বাইট- মনোজ ভার্মা )

******************

কোচবিহারের তুফানগঞ্জে তৃণপমূল কংগ্রেসের পার্টি অফিসে আগুন ধরিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। তুফানগঞ্জ দু-নম্বর ব্লকের বারো কোদালি এক নম্বর গ্রাম পঞ্চায়েতের বন্দেরকুঠি এলাকায় রাতের অন্ধকারে তৃণমূলের দলীয় কার্যালয়ে আগুন ধরিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। যদিও অভিযোগ ভিত্তিহীন বলে দাবি বিজেপির।

*****************

রাজ্যে কংগ্রেস দলের সংগঠনকে মজবুত করাই তাঁর প্রধান লক্ষ্য বলে নবনিযুক্ত প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার জানিয়েছেন। কলকাতায় প্রদেশ কংগ্রেসের কার্যালয় বিধান ভবনে গতকাল এক সাংবাদিক বৈঠকে শ্রী সরকার বলেন, সবাইকে নিয়ে দলের কর্মপন্থা স্থির করা হবে। AICC নেতৃত্ব তাঁকে পশ্চিমবঙ্গে কংগ্রেসকে শক্তিশালী করার কথা বলেছেন। সঙ্ঘবদ্ধভাবে দলকে এগিয়ে নিয়ে যাওয়ার কাজ চলবে। আর জি কর কাণ্ডের প্রতিবাদে যেভাবে চিকিৎসকদের পাশাপাশি সর্বস্তরের মানুষ এগিয়ে এসেছেন, তা প্রতিবাদের এক অনন্য নজির বলে মনে করেন তিনি। DVC-র ছাড়া জলে রাজ্যে বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে বলে মুখ্যমন্ত্রী যে অভিযোগ করছেন সে প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শুভঙ্কর সরকার বলেন, বন্যায় যাতে মানুষ ক্ষতিগ্রস্ত না হন সেদিকে সবার আগে নজর দিতে হবে।

(বাইট- কংগ্রেস শুভঙ্কর DVC )

*****************

কোচির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে গতসন্ধ্যায় ISL ফুটবলের ম্যাচে কেরালা ব্লাস্টার্স ২-১ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দিয়েছে। খেলার প্রথমার্ধ গোলশূন্য ছিলো। ম্যাচের ৫৯ মিনিটে ইস্টবেঙ্গলকে এগিয়ে দেন পি ভি বিষ্ণু। ৬৩ মিনিটে কেরালার হয়ে গোল শোধ করেন নোয়াহ সাদাউ। ৮৮ মিনিটে জয়সূচক গোলটি করেন কামে পেপরাহ।

এবারের ISL-এ প্রথম জয় পেলো কেরালা ব্লাস্টার্স। লাল হলুদের জয় এখনো অধরা।

*****************************************************************